# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৯৭. জানাযার সালাত কোথায় পড়বে?

(১) জানাযা পড়ার উত্তম স্থান হলো মসজিদের বাইরে কোন চত্বরে বা মাঠে বা ঈদগাহে। (বুখারী: ১৩২৯) অধিকাংশ সময় রাসূলুল্লাহ (সা.) জানাযা কোন না কোন মাঠে পড়েছেন।

(২) মসজিদের ভিতরেও জানাযা পড়া জায়েয। সাহাবী সুহাইল ইবনে বাইযা ও তার ভাইয়ের জানাযা রাসূলুল্লাহ (সা.) মসজিদের ভিতরে পড়েছিলেন। (মুসলিম: ৯৭৩)। মসজিদের ভিতরে হলে মেয়েরাও জানাযা পড়তে পারে। তবে তারা জানাযা পড়ার জন্য মাঠে বা বাইরে যাবে না।

(৩) সাবধান! কবরের ফাঁকা জায়গায় এবং কবর সামনে রেখে জানাযা পড়া জায়েয নেই। রাসূলুল্লাহ (সা.) এটা নিষেধ করেছেন। (মাজামাউয যাউযায়িদ- ৩/৩৬)। আবু মারসাদ গানাবী (রা.) থেকে বর্ণিত এক হাদীসে আছে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমরা কবরের উপর বসো না এবং এর দিকে মুখ করে সালাত আদায় করো না। (মুসলিম: ১৬১৩) তবে দাফন করা হয়ে গেছে এমন ব্যক্তির জানাযা ঐ ব্যক্তির কবরকে সামনে নিয়ে পড়া জায়েয।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13382

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন